

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
www.mofl.gov.bd

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের পুরস্কার প্রদানের জন্য
প্রার্থী বাছাই বিষয়ক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ রইছউল আলম মন্ডল
সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময়: ৩০ মে, ২০১৯ খ্রিঃ; সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এর সভাপতিত্বে এ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য প্রার্থী বাছাই বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কমিটির সদস্যগণের বিবরণ নিম্নরূপঃ

(১)	কাজী ওয়াছি উদ্দিন, অতিরিক্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(২)	জনাব সুবোল বোস মনি, অতিরিক্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৩)	জনাব অসীম কুমার বাল্লা, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৪)	ড. এ কে এম মুনিরুল হক, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৫)	জনাব মোঃ তৌফিকুল আরিফ, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৬)	জনাব মোঃ শফিকুল ইসলাম, উপসচিব ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

২। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব কাজী ওয়াছি উদ্দিন আলোচনার বিষয় সভায় উপস্থাপন করেন।

(১) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান অনুমোদনঃ শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী এ মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের মধ্য হতে ২(দুই) জন (১ হতে ১০ গ্রেডভূক্ত ০১ জন ও ১১ হতে ২০ গ্রেডভূক্ত ০১ জন) এবং মন্ত্রণালয়ের অধীন দপ্তর/ সংস্থা প্রধানদের মধ্য হতে ১(এক) জনকে পুরস্কার প্রদান করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। গ্রেড ভিত্তিক এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন নিম্নবর্ণিত কর্মকর্তা-কর্মচারীদের মনোনীত করার ব্যাপারে সভায় ঐক্যমত পোষণ করা হয়ঃ

ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়


ক্রমিক	কর্মকর্তা-কর্মচারীর নাম, পদবি ও কর্মস্থল	মন্তব্য/ গ্রেড
(১)	বেগম হাফছা বেগম, উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।	(১ হতে ১০ গ্রেডভূক্ত)
(২)	জনাব মোঃ তোফায়েল রূপক খান, সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।	(১১ হতে ২০ গ্রেডভূক্ত)

খ) দপ্তর/সংস্থা

ক্রমিক	কর্মকর্তা-কর্মচারীর নাম, পদবি ও কর্মস্থল
(১)	ড. নাথু রাম সরকার, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

সিদ্ধান্তঃ শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী এ মন্ত্রণালয়ের উপসচিব বেগম হাফছা বেগম (১ হতে ১০ গ্রেডভূক্ত) ও সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ তোফায়েল রূপক খান (১১ হতে ২০ গ্রেডভূক্ত) এবং দপ্তর/সংস্থা প্রধানদের মধ্য হতে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক জনাব নাথুরাম সরকারকে পুরস্কার প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। পুরস্কার হিসেবে প্রত্যেকে জুন ২০১৮ মাসে উত্তোলিত মূল বেতনের সমপরিমাণ অর্থ পাবেন।

৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ রইছউল আলম মন্ডল)
সচিব